

ফাতওয়া নাম্বার: ৫৪৪

প্রকাশকাল: ০১-০৫-২০২৫ ইং

স্বর্ণকারের পেশা গ্রহণ করা কি বৈধ?

প্রশ্ন:

মুসলমানদের জন্য কি স্বর্ণকারের পেশা গ্রহণ করা জায়েয হবে? কারণ, স্বর্ণকারদের কাছে অনেক মানুষ স্বর্ণ বন্ধক রেখে টাকা নেয়। এক্ষেত্রে বন্ধকী সম্পদের যাকাত কি স্বর্ণকার দিবে?

-আহমাদ

উত্তর: স্বর্ণকারের পেশা একটি জায়েয পেশা। মুসলমানদের উক্ত পেশায় যুক্ত হতে কোনো সমস্যা নেই। তবে বন্ধক নিয়ে ঋণ দিয়ে বিনিময়ে সুদ গ্রহণসহ যাবতীয় সুদি কারবার থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

আর বন্ধক গ্রহীতার উপর বন্ধকী সম্পদের যাকাত ফরয নয়। তাই স্বর্ণকারকে বন্ধকী স্বর্ণের যাকাত দিতে হবে না। কিন্তু তার প্রদত্ত ঋণের টাকার উপর যাকাত ফরয হবে। অবশ্য তিনি চাইলে ঋণ ফেরত পাওয়ার পর বিগত বছরগুলোর যাকাত একত্রে আদায় করতে পারবেন। আর চাইলে টাকা পাওয়ার আগেও প্রতি বছরেরটা নগদে আদায় করে দিতে পারবেন। -সহীহ বুখারী (৩/৬০) (দারু তাওকিন

নাজাত); শরহুল বুখারী, ইবনে বাত্তাল: ৬/২২২
(মাকতাবাতুর রুশদ, রিয়াদ); উমদাতুল কারী: ১১/২০৬
(দারু ইহয়্যায়িত তুরাস, বৈরুত); মাসাবীহুল জামে: ৫/২৫
(দারুন নাওয়াদির, সিরিয়া); আল-মাওসুআ আল-
ফিকহিয়্যাহ: ২৮/১০১ (ওয়ারা তুল আওকাফ, কুয়েত);
কিতাবুল আসল: ৩/৫২ ও ১৭৫ (দারু ইবনি হায়ম, বৈরুত);
আল-মাবসুত: ২/১৯৪ ও ২১/১২২ (দারুল মারিফা, বৈরুত);
আল-বাহরুর রাযিক: ২/২১৮ (দারুল কিতাবিল ইসলামী);
হাশিয়াতুত তাহতাবী আলাদ দুর: ৩/১৬০ (দারুল কুতুবিল
ইলমিয়্যাহ); রদুল মুহতার: ২/২৬৩ (দারুল ফিকর);
তাওয়ালিউল আনওয়ার, যাকাত আখ্যায় (হস্তলিখিত
পাণ্ডুলিপি)।

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



২৩-১০-১৪৪৬ হি.

২২-০৪-২০২৫ ইং